

225414 - উযাইর আলাইহিস সালাম এর ঘটনা?

প্রশ্ন

প্রশ্ন: আমি উযাইর আলাইহিস সালাম এর ঘটনা জানতে চাই। তাঁর ক্ষেত্রে আলাইহিস সালাম বলা কি ঠিক হবে? তিনিই কি সে ব্যক্তি যাকে আল্লাহ তাআলা একশ বছরের জন্য মৃত্যু দিয়ে আবার পুনর্জীবিত করেছেন; যেমনটি সূরা বাকারাতে উদ্ধৃত হয়েছে?

প্রিয় উত্তর

আলহামদুলিল্লাহ।

এক:

‘উযাইর’ বনী

ইসরাইলের

একজন নেককার

ব্যক্তি।

তিনি নবী কিনা-

তা সাব্যস্ত

হয়নি। যদিও

প্রসিদ্ধ

অভিমত হচ্ছে-

তিনি নবী।

ইবনে কাছীর ‘বিদায়া

নিহায়া’

গত্বে

(২/২৮৯) এটাই

ব্যক্ত

করেছেন।

সুনানে

আবু দাউদ

গ্রন্থে আবু
হুরায়রা (রাঃ)
থেকে বর্ণিত
হয়েছে যে,
তিনি বলেন:
রাসূলুল্লাহ
সাল্লাল্লাহু
আলাইহি ওয়া
সাল্লাম
বলেছেন: “আমি
জানি না-তুব্বা
কি
লানতপ্রাণ্ড;
নাকি নয়। আমি
জানি না-
উযাইর কি নবী;
না কি নবী নয়।”
[আলবানি
হাদিসটিকে
সহিহ
আখ্যায়িত
করেছেন]
শাইখ
আব্বাদ বলেন:
নবী
সাল্লাল্লাহু
আলাইহি ওয়া
সাল্লাম এ কথা
বলেছেন তাদের

(তুকা
সম্প্রদায়)
অবস্থা জানার
আগে। যেহেতু এ
মর্মে
রেওয়ায়েত
এসেছে যে, তুকা
সম্প্রদায়
ইসলাম গ্রহণ
করেছে।
সুতরাং তারা
লানতপ্রাপ্ত
নয়।
পক্ষান্তরে,
উযাইর নবী
কিনা এ
ব্যাপারে কোন
রেওয়ায়েত
আসেনি।[শরহে
আবু দাউদ (২৬/৪৬৮)
থেকে সমাপ্ত]
তবে
তাঁর
ক্ষেত্রে ‘আলাইহিস
সালাম’ বলতে
কোন সমস্যা
নেই। যেহেতু
তিনি নেককার
মানুষ ছিলেন।

তাঁর ঘটনা

কুরআনে

এসেছে।

আলেমদের

অনেকে তাঁকে

নবী হিসেবে

গণ্য করেছেন।

আরও

জানতে [152887](#) নং প্রশ্নোত্তর

দেখুন।

দুই:

আল্লাহ

তাআলা বলেন: “অথবা

সে ব্যক্তির

মত, যে এমন এক

জনপদ অতিক্রম করছিল

যা তার ছাদের

উপর থেকে

বিধ্বস্ত

ছিল। সে বলল, মৃত্যুর

পর কিভাবে

আল্লাহ একে পুনর্জীবিত

করবেন? অতঃপর

আল্লাহ তাকে

একশ বছর মৃত

অবস্থায়

রাখলেন। তারপর

তাকে

পুনর্জীবিত
করলেন। আল্লাহ
বললেন, ‘তুমি
কতকাল এভাবে
ছিলে?’ সে বলল,
একদিন বা
একদিনেরও
কিছু কম সময়। তিনি
বললেন, বরং
তুমি একশত বছর
অবস্থান করেছ।
এবার চেয়ে দেখ
নিজের খাবার ও
পানীয়ের দিকে সেগুলো
অবিকৃত রয়েছে
এবং দেখ নিজের
গাধাটির
দিকে। আমি
তোমাকে মানুষের
জন্য
দৃষ্টান্ত
বানাতে
চেয়েছি। হাড়গুলোর
দিকে চেয়ে দেখ,
আমি কিভাবে
সেগুলোকে সংযুক্ত
করি এবং গোশত দ্বারা
ঢেকে দেই।
অতঃপর যখন তার
নিকট স্পষ্ট

হলো তখন সে
বলে উঠল- ‘আমি
জানি, নিশ্চয়
আল্লাহ সর্ব
বিষয়ে ক্ষমতাবান’।[সূরা
বাকারা, আয়াত:
২৫৯]

প্রসিদ্ধ
মতানুযায়ী এই
ব্যক্তি
হচ্ছেন- উযাইর।
ইবনে জারির ও
ইবনে আবু
হাতিম ইবনে
আব্বাস,
হাসান,
কাতাদা,
সুদ্দি ও
সুলাইমান বিন
বুরাইদা থেকে
এ অভিমতটি
বর্ণনা
করেছেন। ইবনে
কাছির বলেন:
এই উক্তিটি
প্রসিদ্ধ।[তাফসিরে
ইবনে কাছির
(১/৬৮৭) থেকে
সমাপ্ত]

এ

সংক্রান্ত মতভেদ

জানতে দেখুন

ইবনুল জাওযি

(১/২৩৩) এর 'যাদুল

মাসির'।

'বুখতানাসসার'নামক

ব্যক্তি

উল্লেখিত

গ্রামটিকে

ধ্বংস করে

ফেলার পর ও

গ্রামবাসীকে

হত্যা করার পর

উযাইর সে

গ্রাম দিয়ে

-প্রসিদ্ধ মতে

সেটি বাইতুল

মুকাদ্দাস-

অতিক্রম করে

যাচ্ছিলেন।

তখন সে

গ্রামটি ছিল

বিরান; তাতে

কেউ ছিল না। এ

গ্রামটি

জনবহুল থাকার

পর এখন এর যে

অবস্থা তা

নিয়ে তিনি
ভাবতে ভাবতে
বললেন: “মৃত্যুর
(ধ্বংসের) পর
কিভাবে
আল্লাহ একে পুনর্জীবিত
করবেন?” ধ্বংস
ও বিরানতার
ভয়াবহতা এবং
পূর্বের
অবস্থায় ফিরে
আসাকে দূরহ
দেখে তিনি এ
কথা
বলেছিলেন।
আল্লাহ তাআলা
বলেন: “অতঃপর
আল্লাহ তাকে
একশ বছর মৃত
অবস্থায়
রাখলেন।” এর
মধ্যে শহরটি
আবার
পুনর্জীবিত
হয়ে উঠেছে,
লোকে
লোকারণ্য
হয়েছে, বনী
ইসরাইলগণ এ
শহরে ফিরে

এসেছে। এরপর

আল্লাহ যখন

তাকে

পুনর্জীবিত করলেন

তখন

সর্বপ্রথম

তার চোখ

দুইটিকে

জীবিত করলেন

যাতে করে সে

আল্লাহর সৃজন

ক্ষমতাকে দেখতে

পায়, কিভাবে

আল্লাহ তার

দেহকে

পুনর্জীবিত

করেন। যখন তার

গঠন পূর্ণ হল

তখন আল্লাহ

তাকে বললেন

-অর্থাৎ

ফেরেশতার

মাধ্যমে- ‘তুমি

কতকাল এভাবে

ছিলে?’ সে বলল,

একদিন বা

একদিনেরও

কিছু কম সময়। তাফসিরকারগণ

বলেন: যেহেতু

সে মারা

গিয়েছিল

দিনের

প্রথমাংশে; আর

তাকে পুনর্জীবিত

করা হয়েছে

দিনের

শেষাংশে। যখন

সে দেখল এখনো

সূর্য আছে সে

ভেবেছে এটি সে

দিনেরই

সূর্য। তাই সে

বলেছে: “একদিনেরও

কিছু কম সময়” “তিনি বললেন, বরং

তুমি একশত বছর

অবস্থান করেছ।

এবার চেয়ে দেখ

নিজের খাবার ও

পানীয়ের দিকে সেগুলো

অবিকৃত রয়েছে”। বর্ণিত

আছে তার সাথে আঙ্গুর,

ত্বীন ফল ও

শরবত ছিল। সে

এগুলোকে যেমন

রেখে মারা

গিয়েছিল ঠিক

তেমনি পেল।

কোন পরিবর্তন

হয়নি। শরবত

নষ্ট হয়নি,

আগুর পচেনি,
ত্বীন গন্ধ
হয়নি। “এবং
দেখ নিজের
গাধাটির দিকে”। অর্থাৎ
তাকিয়ে দেখ
তোমার চোখের
সামনে আল্লাহ
কিভাবে
সেটিকে
পুনর্জীবিত
করেন। “আমি
তোমাকে
মানুষের জন্য
দৃষ্টান্ত
বানাতে
চেয়েছি”।
অর্থাৎ
পুনর্জীবিত
করার পক্ষে প্রমাণ
বানাতে চেয়েছি।
“হাড়গুলোর
দিকে চেয়ে দেখ, আমি কিভাবে
সেগুলোকে সংযুক্ত
করি”
অর্থাৎ একটি
হাড়ির সাথে
অন্য
হাড়িটি জুড়ে
দেই।

প্রত্যেকটি

হাড়িকে স্ব

স্থানে স্থাপন

করে একটি

ঘোড়ার কংকাল

বানান; তাতে

কোন গোশত ছিল

না। এরপর এ

হাড়ির উপর

গোশত, স্নায়ু,

রগ ও চামড়া

পরিয়ে দেন। এ

সবকিছু

করেছেন উযাইর

এর চোখের

সামনে। এভাবে

যখন তার সামনে

সবকিছু পরিষ্কার

হলো তখন সে

বলে উঠল- ‘আমি

জানি, নিশ্চয়

আল্লাহ সর্ব

বিষয়ে ক্ষমতাবান’।

অর্থাৎ এটি

জানি। আমি তা

সচক্ষে

দেখেছি। আমার

যামানার

লোকদের মধ্যে

আমি এ বিষয়ে

সবচেয়ে ভাল

জানি।[দেখুন:

তাফসিরে ইবনে

কাছির

(১/৬৮৭-৬৮৯)]

আরও

জানতে দেখুন

[12350](#)

নং ও [132236](#) নং প্রশ্নোত্তর।

আল্লাহই

ভাল জানেন।